তারিখ 31 JUL 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৬

যুগান্তর

কারিগরি শিক্ষা বোর্ডের অনলাইন সমস্যা

# বানারীপাড়ার অর্ধশতাধিক শিক্ষার্থী আবেদন করতে পারেনি

**বানারীপাড়া প্রতিনিধি**

বানারীপাড়ায় কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি বিএম শাখার একাদশ শ্রেণীতে ভর্তির আবেদনের শেষ দিনে অনলাইনে আবেদন করতে না পারা ও ডাচ্-বাংলা ব্যাংকে ভর্তির জন্য এসএমএসের মাধ্যমে ১৫০ টাকা এবং রেজিস্ট্রেশনের ১৯২ টাকা না নেয়ার কারণে অর্ধশতাধিক শিক্ষার্থী বিপাকে পড়েছে। জানা গেছে, ৩০. জুলাই কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি বিএম শাখার একাদশ শ্রেণীতে ভর্তির শেষ দিনে বানারীপাড়ায় বিভিন্ন কম্পিউটার সেন্টারে অর্ধশতাধিক শিক্ষার্থী ভর্তির আবেদন করার জন্য এসে বোর্ডের অনলাইন জটিলতার কারণে তারা আবেদন করতে পারেননি। একই দিন রেজিস্ট্রেশনের শেষ সময় হওয়ায় উপজেলার তিনটি কারিগরি কলেজের বিএম একাদশ শ্রেণীতে ভর্তি হওয়া শিক্ষার্থীরা বোর্ড নির্ধারিত ডাচ্‌বাংলা ব্যাংকে এসএমএসের মাধ্যমে কোনো ধরনের টাকা পাঠাতে পারেনি। ওই দিন ডাচ্‌বাংলা ব্যাংকের এসএমএস জটিলতা দেখা দেয়ার কারণে এইচএসসি বিএম শাখার একাদশ শ্রেণীর ভর্তির আবেদন করার জন্য ১৫০ টাকা ও রেজিস্ট্রেশনের ১৯২ টাকার কোনো এসএমএস যায়নি। ফলে শিক্ষার্থীরা ভর্তি জটিলতায় পড়েছেন। বানারীপাড়ার কম্পিউটার ব্যবসায়ী শংকর চন্দ্র দাস জানান, কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি বিএম শাখার একাদশ শ্রেণীতে ভর্তির আবেদনের শেষ দিনে অসংখ্য শিক্ষার্থী ভর্তির আবেদন করতে এসে সকাল থেকে বিকাল ৪টা পর্যন্ত অনলাইনে সমস্যা দেখা দেয়ার কারণে তারা আবেদন করতে না পেরে বাড়ি ফিরে যান। বিশারকান্দি গ্রামের শিক্ষার্থী মাধুরী বৈদ্য জানান এইচএসসি বিএম শাখার একাদশ শ্রেণীতে ৩০ জুলাই ভর্তির শেষ দিনে আবেদন করতে এসে বোর্ডের অনলাইন সমস্যার কারণে তিনি আবেদন করতে পারেননি। অপরদিকে রেজিস্ট্রেশনের শেষ দিনে ডাচ্‌বাংলা ব্যাংকে এসএমএস না নেয়ার কারণে সম্প্রতি উপজেলার তিনটি কারিগরি কলেজে ভর্তি হওয়া ৪৪ জন শিক্ষার্থী ১৯২ টাকা করে পাঠাতে পারেননি। এ বিষয়ে বাইশারী কারিগরি কলেজের প্রভাষক আকতারুজ্জামান বলেন, শনিবার ডাচ্‌বাংলা ব্যাংকে এসএমএস না নেয়ার কারনে তার কলেজের ১৩ জন শিক্ষার্থীর অনুকূলে রেজিস্ট্রেশনের ১৯২ টাকা হারে পাঠাতে পরেননি। এছাড়াও একই দিনে ডাচ্‌বাংলা ব্যাংকে এসএমএস না নেয়ার কারণে ওই শাখায় ভর্তি হওয়া এইচএসসির বিএম শাখার একাদশ শ্রেণীতে ভর্তি জটিলতা দেখা দিলে তারা বিএম শাখার হটলাইনে যোগাযোগ করে তাদের দুটি নম্বর বন্ধ পাওয়া যায়।